কোটচাঁদপুরে দুই বছরের সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মহেশপুরের দিন মন্ডলকে কোটচাঁদপুর থেকে আটক করেছেন, ঝিনাইদহ র্যাব ৬। আজ রবিবার দুপুরে ঝিনাইদহের র্যাব ৬ তাকে স্থানীয় লক্ষীপুর বাজার থেকে আটক করেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ২০০৯ সালে দিন মন্ডল মাদক মামলায় আটক হয়। এরপর জামিনে বাড়িতে আসেন। মাদকের ওই মামলায় দিন মন্ডলের ২ বছরের সাজা হয়।

তাঁরপর থেকে নিজ বাড়ি মহেশপুরের ন্যাপা গ্রাম ছেড়ে আত্মগোপনে থাকেন, কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের শিব নগর গ্রামে। ওই গ্রামে সে দীর্ঘ ১৫ বছর যাবৎ তাঁর পরিবার নিয়ে বসবাস করছিল।

আজ রবিবার দুপুরে ঝিনাইদহ র্যাব ৬ গোপন সংবাদে জানতে পারেন তিনি কোটচাঁদপুরের লক্ষিপুুর বাজারে আত্মগোপনে থাকেন।

এরপেক্ষিতে ওইদিন দুপুরে লক্ষিপুর গ্রামের বাজারে অভিযান চালিয়ে তাঁকে আটক করেন র্যাব-৬। পরে তাঁকে মহেশপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করেছেন র্যাব ৬।

বিষয়টি নিশ্চিত করেছেন, মহেশপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) মাহবুবুর রহমান বলেন,খবরটি শুনেছি। এরপর থানা থেকে র্যাব-৬ ক্যাম্পে আসামি আনতে পুলিশ পাঠানো হয়েছে।

গাংনীর সাবেক উপজেলা চেয়ারম্যানের মা নিখোঁজ

গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মোরাদ আলীর মা ও করমদী গ্রামের দুখি মন্ডলের স্ত্রী মোছা: জাহানারা খাতুন (৯০)কে খুঁজে পাওয়া যাচ্ছেনা।

আজ রবিবার (২১ এপ্রিল) দুপুর বেলায় সাবেক উপজেলা চেয়ারম্যান মোরাদ হোসেনের গাংনী উপজেলা শহরের বনবিভাগ পাড়া এলাকার বাড়ির সামনে থেকে ভ্যানে উঠে কোথাও চলে গেছে। অনেক খোঁজাখুজি করেছি। কোথাও পাওয়া যায়নি। এখন পযর্ন্ত সে বাড়িও ফিরে আসেনি।

মোরাদ হোসেনের ছোট ভাই গাংনী মাধ্যমিক স্কুল এন্ড কলেজের শিক্ষক আলমগীর হোসেন জানান, মায়ের মাথায় সামান্য সমস্যা রয়েছে। দুপুরের দিকে আনমনে পথ চলিত কোনো ভ্যানে উঠেছে সে। এখন পর্যন্ত তার কোন খোঁজ খবর না পাওয়ায় পরিবারের লোকজন উদ্বিগ্ন হয়ে পড়েছেন। ইতোমধ্যে এলাকায় মাইকিং করেছেন পরিবারের পক্ষ থেকে।

কোনো সহৃদয় বান ব্যক্তি কোন খোঁজ খবর পাইলে তার ছোট ছেলে আলমগীর হোসেনের মোবাইল নাম্বর ০১৭৪০৫৮৫৫৮৩ জানানোর অনুরোধ জানানো হয়েছে।

নতুন আইওএসে যা থাকছে

অ্যাপলের নতুন অপারেটিং সিস্টেম আইওএস ১৮ হতে যাচ্ছে এখন পর্যন্ত অ্যাপল আইফোনের ‘সবচেয়ে বড়’ আপডেট। জুনে কোম্পানিটির ডব্লিউডব্লিউডিসি ইভেন্টে এই আপডেটের ঘোষণা দিয়েছেন ব্লুমবার্গের মার্ক গুরম্যান। তিনি জানান, ‘এখন পর্যন্ত তাদের সবচেয়ে বড় আপডেট হতে চলেছে এটি।’

কোম্পানিটি দীর্ঘদিন ধরে নতুন অপারেটিং সিস্টেমের জন্য বড় পরিসরের এআই আপডেট নিয়ে কাজ করছে বলে গুজব ছিল। রইলো বিস্তারিত:

ইন্টারনেট ছাড়াই চলবে সিরি
ধারণা করা হচ্ছে, ডিজিটাল সহকারী ‘সিরি’-এর আরও ভালো সংস্করণ আসবে। নতুন আইফোন ১৬ সিরিজের প্রসেসর ডিজাইনের সময় এআই কোরের শক্তি বাড়ানোর ওপর সর্বোচ্চ জোর দেওয়া হয়েছে বলে জানা গেছে, যাতে ক্লাউড সার্ভারের ওপর নির্ভরশীল না হয়ে নতুন সব এআই ফিচার সরসরি ফোনে চালানো যায়। সিরি সম্ভবত এখন থেকে ইন্টারনেট সংযোগ ছাড়াই বেশির ভাগ কাজ করতে পারবে। গুগল অ্যাসিস্ট্যান্টের চেয়ে ফিচারে এবার আর সিরি পিছিয়ে থাকছে না।

শক্তিশালী এআই চ্যাটবট সিরি
চ্যাটজিপিটি বা গুগল জেমিনির মতো সিরিও যাতে লার্জ ল্যাঙ্গুয়েজ মডেল ব্যবহার করে ব্যবহারকারীদের কথাবার্তা বুঝে সে অনুযায়ী কাজ করতে পারবে বলে জানা গেছে। এ আপডেটে আইফোন ও ম্যাক ব্যবহারকারীরা সিরির মাধ্যমেই ডিভাইস নিয়ন্ত্রণ থেকে কোড লেখা বা গবেষণার মতো কাজ তৃতীয় পক্ষের কোনো এআই সেবার সাহায্য ছাড়াই করতে পারবেন বলে জানা গেছে।

এআই জেনারেটেড প্লে লিস্ট
অ্যাপল মিউজিকের জন্য প্লেলিস্ট তৈরি করবে এমন নতুন এআই এবং কিনোট, মেসেজেস ও এক্সকোডের মতো অ্যাপগুলোতে এআই অ্যাসিস্ট্যান্ট টুল যোগ করা হবে।

ভিজ্যুয়াল ইন্টারফেসে পরিবর্তন
ভিজ্যুয়াল ইন্টারফেসেও আসতে যাচ্ছে পরিবর্তন। বেশ কিছু আইকনকে ভিশনওএস এর আদলে নতুন করে ডিজাইন করা হয়েছে, হোম স্ক্রিনে নিজের ইচ্ছামতো আইকন সাজানোর ফিচারও থাকছে এবারের আপডেটে।

ম্যাপসে রুট তৈরি
এবারের আপডেটে অ্যাপল ম্যাপস পেতে যাচ্ছে নিজের ইচ্ছামতো রুট তৈরি করার ফিচার। ফোনে রুট তৈরি করে পরে সেটা অ্যাপল ওয়াচেও ব্যবহার করা যাবে। নোটস অ্যাপের মধ্যেই ভয়েস নোট রেকর্ড করার ফিচারও যুক্ত হচ্ছে। আরও যুক্ত হচ্ছে সাফারি ব্রাউজারে ‘এআই ব্রাউজিং অ্যাসিস্ট্যান্ট’, তবে এটার কি কাজ এখনো জানা যায়নি।

আরসিএস মেসেজিং
অবশেষে আইফোনে আসতে চলেছে আরসিএস মেসেজিং সেবা। এই ফিচারের মাধ্যমে অ্যানড্রয়েড ও আইফোন ব্যবহারকারীরা সরাসরি ইন্টারনেটের মাধ্যমে মেসেজিং করতে পারবে কোনো মেসেঞ্জার ব্যবহার না করেই। এতদিন অ্যাপলে শুধু আইমেসেজের সুবিধা ছিল।

নতুন হিয়ারিং এইড মোড
জানা গেছে, ‘এয়ারপডস প্রো ২’কে হিয়ারিং এইড হিসেবে ব্যবহারের আপডেটও ‘আইওএস ১৮’-এর অংশ হিসেবে প্রকাশ করবে অ্যাপল। যদিও নতুন হিয়ারিং এইড মোড নতুন কী ফিচার যুক্ত করবে সেটি এখনও পরিষ্কার নয়।

নতুন আইএস ১৮ আপডেটের পরীক্ষামূলক সংস্করণ আসছে বরাবরের মতোই অ্যাপলের ডাব্লিউডাব্লিউডিসি অনুষ্ঠানে। পূর্ণাঙ্গ আপডেটটি

পৌঁছাতে শুরু করবে সেপ্টেম্বরে। আপডেটটি পাচ্ছে আইফোন এক্স-এস, এক্স-আর এবং দ্বিতীয় প্রজন্মের এসই ও এটির পরবর্তী সব মডেল।

সূত্র: ইত্তেফাক

মেসি ম্যাজিকে মায়ামির জয়

মেজর লিগ সকারে (এমএলএস) জয়ের দেখা পেয়েছে ইন্টার মায়ামি। দলের সবচেয়ে বড় তারকা লিওনেল মেসির জোড়া গোলে নাশভিলের বিপক্ষে ৩-১ গোলের ব্যবধানে জয় পায় মায়ামি।

রোববার (২১ এপ্রিল) বাংলাদেশ সময় ভোর সাড়ে ৫টায় নাশভিলের বিপক্ষে মাঠে নামে মেসির মায়ামি। ম্যাচের দ্বিতীয় মিনিটেই আত্মঘাতি গোলে পিছিয়ে পড়ে মায়ামি। এরপর ১১ মিনিটে গোল করে গোল করে দলকে সমতা এনে দেন মেসি।

এরপর প্রথমার্ধের শেষ দিকে কর্নার পায় মায়ামি। মেসির নেওয়া কর্নার কিক থেকে মাথার আলতো ছোয়াঁয় বল জালে জড়ান সার্জিও বুসকেটস। তার করা গোলে ২-১ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় মায়ামি।

বিরতি থেকে ফিরেও আক্রমণাত্নক ফুটবল খেলতে থাকে মায়ামি। ম্যাচের ৮১ মিনিটে ন্যাশভিলের বক্সে ফাউলের শিকার হন মায়ামি ফুটবলার, এতে পেনাল্টির বাঁশি বাজান রেফারি। স্পট কিক থেকে নিজের জোড়া গোলের দেখা পান মেসি। শেষ পর্যন্ত তার জোড়া গোলে ৩-১ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে মায়ামি।

সূত্র: ইত্তেফাক

গাংনীতে হিট স্ট্রোকে গৃহবধূর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে হিট স্ট্রোকে শিল্পি খাতুন (৪৫) নামে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। আজ রবিবার (২১ এপ্রিল) সকাল ৮টায় উপজেলার ষোলটাকা ইউনিয়নের রুয়েরকান্দি গ্রামে এ ঘটনা ঘটে। শিল্পি খাতুন রুয়েরকান্দি গ্রামের আবু তাহেরের স্ত্রী ও পার্শ্ববর্তী আমতৈল গ্রামের বিল্লাল হোসেন মালিথার মেয়ে।

শিল্পি খাতুনের ছেলে রওনক হোসেন জানান, আমার মা সকালে বাড়িতে কাজ করছিলেন। কাজ করতে করতে প্রচণ্ড গরমে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। হাসপাতালে নেওয়ার সময় মারা যান তিনি।

রওনক হোসেন আরো বলেন, আমার মায়ের কোনো অসুখ ছিল না। তিনি একজন সুস্থ মানুষ ছিলেন।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিস সূত্র জানায়, গত কয়েকদিন ধরে মেহেরপুর ও পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা জেলার ওপর দিয়ে তীব্র তাপদাহ বয়ে যাচ্ছে। গতকাল শনিবার সন্ধ্যায় ৬টা পর্যন্ত মেহেরপুর জেলার তাপমাত্রা ছিল ৪২.৩ ডিগ্রি সেলসিয়াস।

এছাড়াও তীব্র তাপদাহে শ্রমজীবী মানুষসহ সব শ্রেণিপেশার মানুষের জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় নিহত ১, আহত ৫

মুজিবনগরের কোমরপুর পুলিশ ক্যাম্পের পাশে ট্রলিতে ধাক্কা লেগে এক যুবক নিহত ও ৫ জন আহত হয়েছে।

আজ শানবার দুপুরে এ দুর্ঘটনা ঘটে। নিহতের নাম লিটন আলি (৩৮)। তিনি মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের বাবর পাড়া গ্রামের

নাসির উদ্দীনের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার সময় একটি কাঠ বোঝাই ট্রলি ওভারটেক করার চেষ্টা করছিলো। এসময় সময় সামনে থেকে আসা একটি মাটি বহনকারী ট্রলির সাথে মুখোমুখি সংঘর্ষ হয়।

ঘটনাস্থলেই লিটন আলি নিহত হন। আহত হর ৫ জন। স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

আহতদের মধ্যে রয়েছেন সুমন আলী (২০), ইদ্রিস আলী (৪৫), দেলোয়ার হোসেন (২৬), নজরুল ইসলাম (৬৫) ও আহসান (২০)।

তারা সকলেই রাজমিস্ত্রী এবং লিটনের সাথে একই এলাকার বাসিন্দা। তারা একটি বিল্ডিং এর ছাদ ঢালাই কাজ শেষ করে বাড়ি ফিরছিলেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জল কুমার দত্ত ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

ওসি বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। অভিযোগ পেলে পরবর্তী ব্যবস্থা গ্রহন করা হবে।

ছেলেকে কোলে নিয়েই প্রেমিককে বিয়ে করলেন অভিনেত্রী

অবশেষে দীর্ঘদিনের প্রেমিকের সঙ্গে বিয়ের পিঁড়িতে বসলেন টালিউড অভিনেত্রী রূপাঞ্জনা মিত্র। শুক্রবার (১৯ এপ্রিল) গোধূলি লগ্নে পরিচালক রাতুল মুখার্জির সাতপাকে বাঁধা পড়েন তিনি।

আনন্দবাজারের প্রতিবেদন অনুযায়ী, শুক্রবার সকাল থেকে শুরু হয়েছে অভিনেত্রী রূপাঞ্জনা মিত্র ও পরিচালক রাতুল মুখোপাধ্যায়ের বিয়ের অনুষ্ঠান। সকালে নান্দীমুখ থেকে গায়েহলুদ, সব অনুষ্ঠানেই হয়েছে।

এদিকে বিয়েতে হাজির ছিলেন রূপাঞ্জনার একমাত্র ছেলে রিয়ান। ছেলেকে পাশে রেখেই সাতপাক, শুভদৃষ্টি, সিঁদুর দান সবই সম্পন্ন করেন

অভিনেত্রী। সামাজিক যোগাযোগ মাধ্যমে বিয়ের সেই ছবিও প্রকাশ করেছেন তিনি।

২০০৭ সালে রিজাউল হককে বিয়ে করেন রূপাঞ্জনা মিত্র। দু’জনের ঘর আলো করে জন্ম নেয় পুত্র রিয়ান। তবে দীর্ঘস্থায়ী হয়নি সেই সম্পর্ক। ২০১৮ সালে তাদের ডিভোর্সের পর রাতুল মুখার্জির সঙ্গে সম্পর্কে জড়ান রূপাঞ্জনা।

প্রায় ৬ বছরের লিভ ইন সম্পর্কে ছিলেন এই জুটি। ছেলে রিয়ানও মায়ের কাছেই বেড়ে উঠেছেন। রাতুলের সঙ্গেও তার বেশ ভালো সম্পর্ক।

দামুড়হুদায় হিট স্ট্রোকে ৭ ঘন্টার ব্যবধানে ২ জনের মৃত্যু

দামুড়হুদায় হিট স্ট্রোকে ৭ ঘন্টার ব্যবধানে ২ জনের মৃত্যু হয়েছে। আজ শনিবার বিকেল ৩টার দিকে অতি তীব্র তাপমাত্রায় হিট স্ট্রোকে দামুড়হুদা উপজেলা সদরে মর্জিনা খাতুন (৬০) নামে এক নারী মারা গেছে। নিহত মর্জিনা খাতুন সদর ইউনিয়ন পরিষদ পাড়ার আজিম উদ্দীনের স্ত্রী। এর আগে মাঠে কৃষিকাজ করতে গিয়ে জাকির হোসেন নামে এক যুবক সকাল ৮টার দিকে হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে মারা যায়। নিহত জাকির হোসেন উপজেলার সীমান্ত সংলগ্ন ঠাকুরপুর গ্রামের আমির হোসেন ছেলে ও ঠাকুরপুর মাধ্যমিক বিদ্যালয়ের দপ্তরি।

নিহত জাকির হোসেনের পিতা আমির হোসেন জানান, রোদ গরমে মাঠের ধান মরার অবস্থা। ধানের জমিতে সেচ দেওয়ার জন্য জাকির সকাল ৭টার দিকে মাঠে যায়। মাঠে যাওয়ার ঘন্টা খানের পর খবর পায় ছেলে মাঠে স্টোক করেছে। মাঠের অন্য কৃষকরা ছেলেকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পথে সে মারা যায়।

চুয়াডাঙ্গা প্রথম শ্রেণীর আবহাওয়া পর্যবেক্ষণাগারের ইনচার্জ জামিনুর রহমান জানান, শনিবার সকাল ৯ টায় চুয়াডাঙ্গার তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস। এসময় বাতাসের আদ্রতা ছিল ৫৮

শতাংশ। এবং বেলা ১২ টায় চুয়াডাঙ্গার তাপমাত্রা ছিল ৪০ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস। এসময় বাতাসের আর্দ্রতা চিল ১৮ শতাংশ। বেলা ৩টায় চুয়াডাঙ্গার তাপমাত্রা ছিল ৪২ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস। এসময় বাতাসের আদ্রতা ছিল ১৮ শতাংশ। বিকেল ৬টায় তাপমাত্রা পারদ আরো বৃদ্ধি দাড়ায় ৪২ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস। এসময় বাতাসের আদ্রতা ছিল ৩২ শতাংশ।

নিহত মর্জিনা খাতুনের ছেলে কামরুল ইসলাম কামু জানান, বেলা ৩টার দিকে অতিরিক্ত তাপে আমার মা (মর্জিনা খাতুন) হটাৎ অসুস্থ হয়ে পড়ে। এসময় আমরা মাকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার জন্য অটো ভ্যানে উঠানোর সাথে সাথে মা মারা যায়। তিনি কান্না জড়িত কন্ঠে আরো বলেন, মাকে হাসপাতালে নেওয়ার সময়ও টুকুও পেলাম না।

গত কয়েক দিন ধরে চুয়াডাঙ্গার উপর দিয়ে বয়ে যাচ্ছে মাঝারি থেকে তীব্র ও অতি তীব্র তাপদাহ। এই তাপদাহে জেলায় হিট এলাট জারি করে মাইকিং করা হচ্ছে এক সপ্তাহ থেকে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা জানান, হটাৎ অসুস্থ হয়ে উপজেলা সদরের মর্জিনা খাতুন ও সীমান্তবর্তী ঠাকুরপুর গ্রামের জাকির হোসেন নামে এক ব্যক্তি মারা গেছে শুনেছি। তবে তিনারা হিট স্ট্রোকে মারা গেছে কিনা সেটা ডাক্তার ছাড়া বলা সম্ভব না।

সেমিফাইনালে নিষিদ্ধ মার্টিনেজ

অ্যাস্টন ভিলাকে উয়েফা ইউরোপা কনফারেন্স লিগে সেমিফাইনালে তোলার নায়ক ছিলেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ। লিলের বিপক্ষে কোয়ার্টার ফাইনালে দুটি পেনাল্টি ঠেকিয়ে দলকে জেতান তিনি।

তবে আগামী ২ মে গ্রিসের ক্লাব অলিম্পিয়াকোসের বিপক্ষে সেমিফাইনালের প্রথম লেগে খেলতে পারবেন না মার্টিনেজ। আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী এই গোলরক্ষককে এক ম্যাচের জন্য

নিষিদ্ধ করেছে উয়েফা। কারণ, কনফারেন্স লিগের কোয়ার্টার ফাইনালের দুই লেগ মিলিয়ে তিনটি হলুদ কার্ড দেখেছেন তিনি।

কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগের ম্যাচে দুবার হলুদ কার্ড দেখেন মার্টিনেজ। প্রথমবার ম্যাচের ৩৯ তম মিনিটে তাকে হলুদ কার্ড দেন রেফারি। এরপর ম্যাচ ট্রাইব্রেকারে গড়ালে সেখানেও হলুদ কার্ড পান মার্টিনেজ।

সবমিলিয়ে মার্টিনেজ ম্যাচে দুটি হলুদ কার্ড দেখার পরও লাল কার্ড দেখাননি রেফারি। কারণ উয়েফার নিয়ম অনুযায়ী, ম্যাচের নিয়মিত সময়ে দেখা হলুদ কার্ড টাইব্রেকারের সময়ের দেখা হলুদ কার্ডের সঙ্গে যোগ হয় না। তবে এটা আবার সামগ্রিক কার্ড দেখার হিসেবে যোগ হয়। তাই লাল কার্ড না পেলেও, ঠিকই নিষেধাজ্ঞায় পড়েছেন।

সূত্র: ইত্তেফাক

গাংনীতে ১২০ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

১২০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আটকরা হলেন, মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া গ্রামের মৃত পিয়ার আলীর ছেলে মোহাম্মদ জিয়ারুল ইসলাম (৪৮) ও একই গ্রামের মৃত সোহরাব হোসেনের ছেলে মোঃ হযরত আলী (৪৬)।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: সাইফুল আলম এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের একটি টিম গতকাল শুক্রবার দিবাগত মধ্যরাতে গাংনী উপজেলার ধলা গ্রামের বীলপাড়া এলাকার অভিযান শুরু করে। এসময় বস্তাভর্তি ফেনসিডিল নিয়ে ওই দুই মাদক ব্যবসায়ী যাচ্ছিলেন। এসময় ডিবি পুলিশ দেখে ফেনসিডিল ফেলে পালানোর চেষ্টা করছিলো তারা। ডিবি পুলিশ তাদের আটক করে।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় ডিবি পুলিশের পক্ষ থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটিরনিয়মিত মামলা দায়ের করা হয়েছে। এছাড়া ফেনসিডিল ও আসামিদের হস্তান্তর করা হয়েছে।